সংবাদ

তারিখ 04 NOV 2016
পৃষ্ঠা ...৭... কলাম ...৬...

# কটিয়াদির ৩২ সর. প্রাথ. বিদ্যালয়ে প্রধান শিক্ষক নেই

প্রতিনিধি, কটিয়াদী (কিশোরগঞ্জ)

কিশোরগঞ্জের কটিয়াদী উপজেলার ৩২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দীর্ঘদিন যাবত প্রধান শিক্ষক নেই। এছাড়া ৩৪টি সহকারি শিক্ষকের পদ শূন্য রয়েছে। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিয়ে স্কুলগুলো পরিচালিত হচ্ছে। শিক্ষক সংকটের কারণে কোমল মতি শিশুদের লেখা পড়া বিঘ্নিত হচ্ছে। প্রধাম শিক্ষক শূন্য প্রাথমিক বিদ্যালয় গুলো হচ্ছে নোয়াগাও, ভিটিপাড়া, শিমুহা দীঘির পাড়, নাগেরগ্রাম, দিয়াকুল, পাচুলী পাড়া, ভাট্টা, ভূনা, উত্তর ভূনা, মন্ডলভোগ, চান্দপুর মধ্যপাড়া, চান্দপুর কুড়ের পাড়, চান্দপুর, চরআলগী, পূর্ব চরআলগী, বোয়ালিয়া, চরকাউনিয়া, উত্তর ফেকামারা, চরপুক্কিয়া ১নং, দশকাউনিয়া, কুড়িয়াপাড়া, বনগ্রাম পশ্চিমপাড়া, উত্তর মুমুরদিয়া, অষ্টঘড়িয়া হামিদা খাতুন, কড়ুয়া পাড়া, দাসের গাঁও, বাগপাড়া, দশপাখি, পূর্ব চরপুক্কিয়া, পশ্চিম গচিহাটা, বৈরাগীরচর ২নং ও হারিনা ইছাক। এছাড়াও উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ৩৪টি সহকারি শিক্ষকের পদশূন্য থাকায় শিক্ষাদানে ব্যাপক সমস্যার সৃষ্টি হচ্ছে। মানিকখালী গ্রামের মস্তোফা কামাল নান্দু জানান, আবেদন নিবেদন করেও এসব শূন্য পদে নিয়োগ দেয়া হচ্ছে না। ফলে ছাত্র ছাত্রীরা আশানুরূপ লেখাপড়া না হওয়ায় পরীক্ষার ফলাফলও ভালো হচ্ছে না। এ ব্যাপারে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার ফায়জুদ্দিন আকন্দ বলেন, বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে। অবিলম্বে শিক্ষক নিয়োগ দেয়া হবে।

**৩৪ সহকারী শিক্ষকের পদ শূন্য**